গণিত বিভাগ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
টেলিফোন: ৫৮৬১০৪৩৭

**Department of Mathematics**
Eden Mohila College, Dhaka
E-mail: emcmathematics@gmail.com

তারিখঃ ০৬/০৬/২০২১ইং

# বিজ্ঞপ্তি

২০২০ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত (সেশন : ২০১৯-২০) এবং অনিয়মিত/মানোন্নয়ন (সেশন : ২০১৭-১৮, ২০১৮-১৯) ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরমপূরণের সময়সীমা ১০/০৬/২০২১ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এমতাবস্থায় যে সকল ছাত্রী ফরমপূরণে আগ্রহী, তাদের ফরমপূরণ করে পূরণকৃত ফরমের সফটকপি ০৭/০৬/২০২১ইং তারিখের মধ্যে নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো।

**ferdousi.begumedencollege@gmail.com**

[বি.দ্র.- ফরমপূরণের টাকা ০৮/০৬/২১তারিখের পর অনলাইনে জমা দিতে পারবে এবং ০৯/০৬/২১ তারিখের মধ্যে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র সহ বিভাগে এসে জমা দিতে বলা হলো]

## নিয়মিত ছাত্রীদের ফরমপূরণের প্রয়োজনীয় কাগজপত্র

১. অনলাইনে পূরণকৃত ফরম
২. ফরম পূরণের টাকা জমার রশিদের কপি ।

## মানোন্নয়ন / অনিয়মিত ছাত্রীদের ফরমপূরণের প্রয়োজনীয় কাগজপত্র :

১. অনলাইনে পূরণকৃত ফরম
২. ফরম পূরণের টাকা জমার রশিদের কপি ।
৩. ১ম বর্ষের (সকল) ফলাফলের কপি ।

**ফরমপূরণের কাগজপত্র জমা দেওয়ার তারিখ : ০৯/০৬/২০২১ তারিখ সকাল ১১:০০টা**

০৬.০৬.২০২১
(প্রফেসর এ বি এম রেজাউল করীম)
বিভাগীয় প্রধান
গণিত বিভাগ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
প্রফেসর এ বি এম রেজাউল করীম
আইডি নং- ৫৬৯২
বিভাগীয় প্রধান, গণিত বিভাগ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

6.6.2021
আহ্বায়ক
(রওশন আরা বেগম)
সহযোগী অধ্যাপক
গণিত বিভাগ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

Seen 15-02-2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৪/০২/২০২১ খ্রি.

**২০২০ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ১ম বর্ষ অনার্স পরীক্ষা-২০২০ এর ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

**অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও ফরম জমা দানের শেষ তারিখ: ২৫/০২/২০২১ খ্রি.**
**বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী জমা দানের শেষ তারিখ: ২৭/০২/২০২১ খ্রি.**

**নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি**

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস, সমাজবিজ্ঞান, দর্শন, | ২,৮৩০.০০ |
| ইসলামী শিক্ষা, ইতিহাস, অর্থনীতি, | ২,৭৫৫.০০ |
| হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং | ৩,১৩০.০০ |
| রাষ্ট্রবিজ্ঞান | ৩,৪৩০.০০ |
| সমাজকর্ম | ৩,৩৫৫.০০ |
| ভূগোল ও পরিবেশ | ৪,৪২০.০০ |
| পরিসংখ্যান | ৩,৭৯০.০০ |
| মনোবিজ্ঞান | ২,৮৬০.০০ |
| প্রাণিবিদ্যা | ৩,৫২০.০০ |
| রসায়ন, গণিত | ৪,৬৯০.০০ |
| উদ্ভিদবিজ্ঞান | ৩,৮২০.০০ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৩,৫৬৫.০০ |
| পদার্থবিজ্ঞান | ৪,৪৬৫.০০ |
| ***নন-কলেজিয়েট ফি (নন-কলেজিয়েট ফি মূল ফি'র সাথে যোগ করে জমা দিতে হবে)** | ১,৫০০.০০ |
| মানোন্নয়ন ১পত্র (মানোন্নয়ন পরবর্তী প্রতি পত্রের জন্য ৩০০/- হারে যোগ করে জমা দিতে হবে)। অনিয়মিত পরীক্ষার্থী সকল পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে নিয়মিত পরীক্ষার সমপরিমাণ ফি নির্ধারিত হবে। সকল পত্রে অংশগ্রহণ না করলে পত্র যে কয়টি পত্রে ফরম পূরণ করবে সে পত্র অনুযায়ী ফি জমা দিবে। | ১৭৫৫.০০ |
| **মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক পত্র থাকলে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ১৩০/- (২য় দিনের জন্য ৭৫/-) ও মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ৭৫/- সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।** | |

**অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):**

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর (এসআইএফ ফরমে প্রদত্ত) ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২২/০২/২০২১** তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের **৩২২** নং কক্ষে জানাতে পারবে।

**২. ফরম পূরণের ফি জমা দেয়া:**

পরীক্ষার ফি ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট, নেক্সাস পে বা এজেন্ট ব্যাংকিং) এর মাধ্যমে পরিশোধ করা যাবে। মানোন্নয়ন পরীক্ষার্থীরা প্রথমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে পরীক্ষার আবেদন ফরম পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে আগামী ২০/০২/২০২১ তারিখের মধ্যে জমা দিবে এবং ২৩/০২/২০২১ তারিখের মধ্যে ফি জমা দিবে। কলেজে নগদ টাকা জমা দেয়া হবে না।

**৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

**(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত এবং ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "ডিস-কলেজিয়েট" শিক্ষর্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

14.02.2021

(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।

Seen 15-02-2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৪/০২/২০২১ খ্রি.

## ২০২০ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ১ম বর্ষ অনার্স পরীক্ষা-২০২০ এর ফরম পূরণ ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়াসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

০১. শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা এবং পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম জমা নিতে হবে।

০২. **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:** ২০২০ সনের অনার্স ১ম বর্ষ (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ) নিয়মিত শিক্ষার্থী ও ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ অনিয়মিত (যাদের পূর্বে প্রেরণ করা হয়নি) শিক্ষার্থীদের ফরম পূরণের সময় সংশ্লিষ্ট কোর্সে পেপার কোড নম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

০৩. অনার্স ১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ নিয়মিত ছাত্রীদের ফরমপূরণের জন্য বিভাগ থেকে ছাত্রীদের যে তালিকা প্রেরণ করবে সেখানে যদি কোন শিক্ষার্থী নন-কলেজিয়েট হয় সেক্ষেত্রে মন্তব্য কলামে NC লিখে দিবে।

০৪. অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা মোবাইল নম্বর ও ফিসহ ডাটা প্রস্তুত করে আগামী ২০/০২/২০২১ তারিখের মধ্যে eshiksabd@gmail.com এ প্রেরণ করবেন। উল্লেখ্য অনিয়মিত ছাত্রী যারা এক বা একাধিকবার পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে; তাদের ক্ষেত্রে যে সকল পত্রে F বা Absent আছে সে সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং পত্র অনুযায়ী পরীক্ষার ফি পরিশোধ করবে।

০৫. ফরম ভেরিফাই করে বিবরণী (বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত) ২৭/০২/২০২১ তারিখের মধ্যে অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

14.02.2021
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। রেজিষ্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।